



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং - ১৬

০৮ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখ : -----

২২ মে ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ সীমিতকরণ প্রসঙ্গে।

কোভিড-১৯ এর প্রভাব মোকাবিলা করে অর্থনৈতিক পুনরুদ্ধার এবং বহিঃবিশ্বে যুদ্ধাবস্থার কারণে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে দেশের বৈদেশিক মুদ্রার মজুত সুসংহত রাখাসহ যথাযথ মুদ্রা ব্যবস্থাপনার লক্ষ্যে বিলাস পণ্যসহ অত্যাবশ্যিক নয় এমন বেশ কিছু পণ্য আমদানির ক্ষেত্রে কতিপয় বিধিনিষেধ আরোপ করে সম্প্রতি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণসহ বিভিন্ন প্রশিক্ষণ/সভা/সেমিনার/ওয়ার্কশপ/-স্টাডি টুর এ অংশগ্রহণের জন্য বহিঃবাংলাদেশ ভ্রমণ অব্যাহত থাকায় এক্ষেত্রেও বৈদেশিক মুদ্রার ব্যবহার বৃদ্ধি পেয়েছে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে এক্ষণে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, পুনরাদেশ না দেয়া পর্যন্ত ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ব্যক্তিগত বহিঃবাংলাদেশ ভ্রমণসহ প্রশিক্ষণ/সভা/সেমিনার/ওয়ার্কশপ/স্টাডি টুর এ অংশগ্রহণের জন্য বহিঃবাংলাদেশ ভ্রমণ বন্ধ থাকবে।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোন - ৯৫৩০০৯৫